

সারাদেশ

তিতাস রক্ষায় দখল-দূষণ ও অবৈধ বালু উত্তোলন বন্ধের আহ্বান

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: বুধবার, ১৬ সেপ্টেম্বর ২০২৬, ০৭:৩৮ PM



তিতাস নদী ও পরিবেশ রক্ষায় সরকারি উদ্যোগের পাশাপাশি জনসম্পৃক্ততা বাড়িয়ে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানিয়েছেন নদী ও পরিবেশ কর্মীরা।

নদী, পরিবেশ ও প্রকৃতি রক্ষার সামাজিক সংগঠন নৌদুর বাংলাদেশের ব্রাহ্মণবাড়িয়া জেলা শাখার উদ্যোগে তিতাস নদী ও পরিবেশ রক্ষায় আমাদের করণীয় শীর্ষক দিনব্যাপী কর্মশালায় এ আহ্বান জানানো হয়। কর্মশালা সঞ্চালনা করেন সাংস্কৃতিক ব্যক্তিত্ব আনিসুল হক রিপন।

বুধবার (১৬ সেপ্টেম্বর) সকাল ১১টার দিকে ব্রাহ্মণবাড়িয়া প্রেসক্লাব মিলনায়তনে নৌদুর বাংলাদেশ ব্রাহ্মণবাড়িয়া জেলা শাখার আয়োজনে উক্ত কর্মশালাটি অনুষ্ঠিত হয়। এতে তিতাস নদীর দখল-দূষণ, অবৈধ বালু উত্তোলন, নাব্যতা সংকট, জলাশয় ভরাট, জীববৈচিত্র্য সংরক্ষণ এবং পরিবেশ রক্ষায় জনসচেতনতা বৃদ্ধির বিভিন্ন দিক নিয়ে বহুল আলোচনা করা হয়।

নৌদুর বাংলাদেশ ব্রাহ্মণবাড়িয়া জেলা শাখার সভাপতি মো. মনির হোসেনের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নৌদুর বাংলাদেশের কেন্দ্রীয় কমিটির চেয়ারম্যান ও উক্ত অনুষ্ঠানের সভাপতি সুমন শামস।

প্রধান অতিথির বক্তব্যে সুমন শামস বলেন, তিতাস নদী ব্রাহ্মণবাড়িয়ার মানুষের জীবন-জীবিকা, কৃষি, মৎস্য ও পরিবেশের সঙ্গে গভীরভাবে জড়িত। নদী রক্ষায় শুধু সরকারি উদ্যোগই যথেষ্ট নয়, এ ব্যাপারে জনগণকেও সম্পৃক্ত করতে হবে। নদী দখল, দূষণ ও অবৈধ বালু উত্তোলনের বিরুদ্ধে আমাদের সবাইকে সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে হবে।

তিনি বলেন, প্রকৃতি ধ্বংস করে কোনো এলাকার টেকসই উন্নয়ন কখনও সম্ভব নয়। তিতাসসহ জেলার সব নদী, খাল-বিল ও জলাশয় রক্ষায় প্রশাসন, জনপ্রতিনিধি, পরিবেশবাদী সংগঠন ও সাধারণ মানুষকে সমন্বিতভাবে এগিয়ে এসে কাজ করতে হবে।

কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন পরিবেশ অধিদপ্তর ব্রাহ্মণবাড়িয়ার উপপরিচালক নিজাম উদ্দিন শেখ, বিআইডব্লিউটিএ ভৈরব শাখার ইন্সপেক্টর জসিম উদ্দিন, পানি উন্নয়ন বোর্ড ব্রাহ্মণবাড়িয়ার উপসহকারী রাতুল বনিক, পরিবেশ ও হাওর উন্নয়ন সংস্থার সভাপতি কাসমির রেজা, নোঙর বাংলাদেশের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মো. আব্দুর রহিম, ব্রাহ্মণবাড়িয়া প্রেসক্লাবের সভাপতি জাবেদ রহিম বিজন ও সাধারণ সম্পাদক বাহারুল ইসলাম মোল্লা।

এছাড়া নোঙর বাংলাদেশ ব্রাহ্মণবাড়িয়া জেলা শাখার সাধারণ সম্পাদক নজরুল ইসলাম ভূইয়া বিল্লাল, সহ- সভাপতি শামীমা বাছির স্মৃতি, সিনিয়র সাংবাদিক শেখ শহিদুল ইসলাম, ঐক্যবদ্ধ সদর ব্রাহ্মণবাড়িয়ার শেখ আরিফ বিল্লাহ আজিজীসহ পরিবেশকর্মী, সাংবাদিক, শিক্ষক, সামাজিক সংগঠনের প্রতিনিধি ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ কর্মশালায় অংশ নেন।

দিনব্যাপী কর্মশালায় তিতাস নদী ও পরিবেশ রক্ষায় করণীয় নিয়ে মতবিনিময় করা হয় এবং নদী, জলাশয় ও জীববৈচিত্র্য সংরক্ষণে বিভিন্ন সুপারিশ তুলে ধরা হয়। কর্মশালা শেষে ঢাকা থেকে আগত নোঙর কমিটির সদস্যরা ব্রাহ্মণবাড়িয়ার নোঙর কমিটির সদস্যদের নিয়ে শহরের ঐতিহ্যবাহী আনন্দ বাজার নৌকাঘাটে বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশগ্রহণ করেন এবং তিতাস নদীতে ঘুরে ঘুরে তিতাসের বর্তমান অবস্থা পর্যবেক্ষণ করেন।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



জাতীয়তাবাদী ওলামা দল

পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত

বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ

পাবনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু

সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদের আনুয়িক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/titas-rkshay-dkhl-dushn-o-oboidh-balu-uttoln-bndher-ahban>